রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২৫, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

আভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আবগারী)

প্রজ্ঞাপন

ঢাকা, ১৮ই জুন, ১৯৮৭/৩রা আষাঢ়, ১৩৯৪

**No. S. R. O. ১১৯-L/87/159-Excise.**—The Excises and Salt Act, 1944 (I of 1944) এর Section 12A(1)-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১লা জুলাই, ১৯৮৬ তারিখে প্রজ্ঞাপিত অত্র বিভাগের ২১শে জুন, ১৯৮৬ তারিখের প্রজ্ঞাপন নং S.R.O. 233-L/86/142-Excise-এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা :—

উপরিউক্ত প্রজ্ঞাপনে,—

(১) column (1)-এর Item No. 03·04-এর বিপরীতে column 2-এর—

(ক) clauses (a) ও (b)-এর বিপরীতে column 3-এর এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"Taka twenty and poisha thirty per thousand cubic feet or taka seven hundred seventeen and poisha thirty-one per thousand cubic metres.

Taka sixty-two and poisha seventy per thousand cubic feet or taka two thousand two hundred fifteen and poisha fifty-four per thousand cubic metres.";



মূল্যঃ ৯০ পয়সা

(খ) clause (e)-এর বিপরীতে column 3-এর এণ্ট্রিটির পরিবর্তে নিম্নরূপ এণ্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"Taka forty and poisha twenty-one per thousand cubic feet or taka one thousand four hundred and twenty and poisha eighty-four per thousand cubic metres."; এবং

(গ) clause (f) সংক্রান্ত এণ্ট্রি ও উহার বিপরীতে column 3-এর এণ্ট্রির পর নিম্নরূপ Explanation সংযোজিত হইবে, যথা :—

"*Explanation.*—Actual losses occurring in the distribution of gas, subject to maximum of two per cent. of the total volume of gas cleared by the Gas Field Companies, may be reckoned towards calculation of duties of excise.";

(২) column (1)-এর Item No. 03·11-এর বিপরীতে column 2 এবং 3-এর এণ্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এণ্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"Petroleum grease Ten per cent. *ad valorem.*";

(৩) column (1)-এর Item No. 05·01(1)-এর বিপরীতে—

(ক) column 2-এর এণ্ট্রি (vi)-এর বিপরীতে column 3-তে "Ten" শব্দটির পরিবর্তে "Five" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) column 2-তে এণ্ট্রি (vi) এবং column 3-তে তৎসম্পর্কিত এণ্ট্রিটির পরে নিম্নরূপ নতুন এণ্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা :—

"(vii) Plastic containers, all sorts. Five per cent. *ad valorem.*";

(৪) column (1)-এর Item No. 08·02(1)-এর বিপরীতে column 3-তে "Thirty-five poisha" শব্দগুলির পরিবর্তে "Taka one" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৫) column (1)-এর Item No. 08·04(a)-এর বিপরীতে column 3-তে "Thirty-five poisha" শব্দগুলির পরিবর্তে "Taka one" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৬) column (1)-এর Item No. 10·02-এর বিপরীতে column 2-এর—

(ক) এণ্ট্রি (a)-এর বিপরীতে column 3-তে "Ten" শব্দটির পরিবর্তে "Five" শব্দটি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) এণ্ট্রি (b) এবং column 3-তে তৎসম্পর্কিত এণ্ট্রিটি বিলুপ্ত হইবে;

(৭) cloumn (1)-এর Item No. 10·03-এর বিপরীতে column 2 এবং 3-এর এণ্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এণ্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"Mild steel products—

| | |
|---|---|
| (i) Corrugated iron sheets, all sorts. | Nil. |
| (ii) Galvanised plain sheets, all sorts. | Five per cent. of the tariff value. |
| (iii) Mild steel rods, all sorts. | Five per cent. of the tariff value. |

| | |
|---|---|
| (iv) Mild steel bars (including crop ends of M.S. bars, commonly known as barends, each not exceeding zero point one metre in length) coils, joists, girders, angles, channels, tees, flats, beams, zeds, trough, piling and all other rolled, forged, formed or extruded shapes and sections. | Five per cent. of the tariff value. |
| (v) M.S. products of clauses (ii), (iii) and (iv) manufactured in a factory other than a re-rolling factory. | Nil."; |

(৮) column (1)-এর Item No. 10·10-এর বিপরীতে column 2 এবং 3-এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :--

| | |
|---|---|
| "Nut, bolt and screw, all sorts. | Nil."; |

(৯) column (1)-এর Item No. 11·01(2) (i)-এর বিপরীতে column 2-এর এন্ট্রি (a), (b) এবং (c)-এর বিপরীতে column 3-এর এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :--

"(a) Taka eight per dozen.

(b) Taka six per dozen.

(c) Taka five per dozen.";

(১০) column (1)-এর Item No. 11·02 (1)-এর বিপরীতে column 2-এর এন্ট্রি (a), (b) এবং (c)-এর বিপরীতে column 3-এর এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :--

"(a) Taka eight per dozen.

(b) Taka ten per dozen.

(c) Taka twenty-five per dozen.";

(১১) column (1)-এর Item No. 11·03(1)-এর বিপরীতে column 2 এবং 3-এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :--

| | |
|---|---|
| "(a) 122 centimetres 40 watts standard. | Taka eight and poisha twenty-five per tube. |
| (b) 122 centimetres 40 watts sub-standard. | Taka six per tube. |
| (c) 61 centimetres 20 watts standard | Taka six and poisha twenty-five per tube. |
| (d) 61 centimetres 20 watts sub-standard. | Taka four and poisha twenty-five per tube."; |

(১২) column (1)-এর Item No. 11·05 (2) (i)-এর বিপরীতে—

(ক) column 2-এর clause (a)-এর অধীন এন্ট্রি (i), (ii) এবং (iii)-এর বিপরীতে column 3-এর এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(a) (i) Taka five hundred per receiver.
(ii) Taka one thousand per receiver.
(iii) Taka one thousand eight hundred per receiver.";

(খ) column 2-এর clause (b)-এর অধীন এন্ট্রি (i), (ii) এবং (iii)-এর বিপরীতে column 3-এর এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(b) (i) Taka one thousand six hundred per receiver.
(ii) Taka two thousand seven hundred per receiver.
(iii) Taka four thousand per receiver.";

(১৩) column (1)-এর Item No. 11·06 এর বিপরীতে column 2 এবং 3 এর এন্ট্রিসমূহ বিলুপ্ত হইল;

(১৪) column (1) এর Item No. 11·09 এর বিপরীতে column 2 এবং 3 এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—
"Wires and Cables—

| | |
|---|---|
| (a) insulated electric wires and cables including enamelled electric winding wires. | Ten per cent. *ad valorem.* |
| (b) such electric copper wire as is not used for electrical purpose, provided the provisions of rules 192 to 196 of the Excises and Salt Rules, 1944, are followed. | Nil."; |

(১৫) column (1) এর Item No. 12·03 এবং Item No. 12·03 (I) এবং column 2 এবং 3-তে তৎসম্পর্কিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ Item এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"12·03 Footwear, all sorts, made wholly or partly of cellophane, plastic or resin materials, or of rubber and synthetic or artificial rubber, or of leather or synthetic leather

the retail price of which is legibly, prominently and indelibly printed or embossed on each pair, the value of which:

| | |
|---|---|
| (i) does not exceed taka one hundred per pair. | Nil. |
| (ii) exceeds taka one hundred per pair .. | Ten per cent. of the retail price.". |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস, এম, আকরাম**

অতিরিক্ত সচিব।

অর্থ মন্ত্রণালয়

আভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আবগারী)

প্রজ্ঞাপন

ঢাকা, ১৪ই জুন, ১৯৮৭/৩১া আষাঢ়, ১৩৯৪

**নং এস, আর, ও, ১২০-এল/৮৭/১৬০-আবগারী।**—The Excises and Salt Act, 1944 (I of 1944)-এর Section 12A(1) এ প্রদত্ত ক্ষমতাবলে, এবং বাংলাদেশ গেজেটে ১লা জুলাই, ১৯৮৬ তারিখে প্রকাশিত অর্থ বিভাগের ২৭শে জুন, ১৯৮৬ তারিখের Notification No. S.R.O. 236-L/86/145-Excise বাতিলক্রমে, সরকার, নিম্ন তফসীলে বর্ণিত পণ্যাদি ব্যতীত, কুটিরশিল্পে উৎপাদিত সকল পণ্যকে উক্ত আইনের আওতাধীনে আরোপযোগ্য duties of excise হইতে সম্পূর্ণরূপে অব্যাহতি দান করিলেন:—

তফসীল

| হেডিং নং | পণ্য |
|---|---|
| 01.03 | চা |
| 02.04 (2) (ii) (a) (i) | সিগারেট |
| 02.04 (2) (ii) (b) | বিড়ি |
| 04.03 | পেইনটস, পিগমেনটস, ভার্নিসেস এবং পলিসেস |
| 04.04 | টুথপেষ্ট |
| 04.10 | এন্টিসেপটিক ও ডিজইনফেকট্যান্ট |
| 09.03 | ইট |
| 10.01 | সোনা |

ব্যাখ্যা:—এই প্রজ্ঞাপনে "কুটিরশিল্প" বলিতে এইরূপ শিল্প প্রতিষ্ঠানকে বুঝাইবে যে শিল্প প্রতিষ্ঠানের প্লান্ট, মেশিনারী ও ইক্যুইপমেন্টে বিনিয়োগকৃত মূলধন বৎসরের যে-কোন সময়ে তিন লক্ষ টাকার অধিক না হয়।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস, এম, আকরাম**
অতিরিক্ত সচিব।

জাতীয় রাজস্ব বোর্ড

(আবগারী)

প্রজ্ঞাপন

ঢাকা, ১৮ই জুন, ১৯৮৭/৩রা আষাঢ়, ১৩৯৪

**No. S. R. O. ১২১-L/87/161-Excise.**—The Excises and Salt Act, 1944 (I of 1944)-এর section 3(2)-তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উক্ত Act এর অধীনে duties of excise ধার্যকরণের উদ্দেশ্যে উক্ত আইনের FIRST SCHEDULE-এর PART I-এ বর্ণিত নিম্নোক্ত Item সমূহের জন্য উহাদের বিপরীতে উল্লেখিত Tariff value ধার্য্য করিলেন, যথা :—

| "Item No. | Description of Goods. | Tariff value. |
|---|---|---|
| (ক) 02.02 | Sugar | Tk. 1,700 per one hundred kilograms. |
| (খ) 10.03(ii) | G.P. Sheets, all sorts | Tk. 15,000 per metric ton. |
| (গ) 10.03(iii) | M.S. Rods, all sorts | Tk. 10,500 per metric ton. |
| (ঘ) 10.03(iv) | Mild steel bars, coils, girders, angles, channels, tees flats, beams, zeds, trough, piling and all other rolled, forged, formed or extruded shapes and sections. | Tk. 10,500 per metric ton." |

২। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত 20th September, 1982 তারিখের Notification No. S.R.O. 338-L/82/71-Excise এবং 27th June, 1984 তারিখের Notification No. S.R.O. 314-L/84/122-Excise এতদ্বারা বাতিল করা হইল।

**ফিরোজ আহমেদ**
দ্বিতীয় সচিব (আবগারী)।

অর্থ মন্ত্রণালয়

*অভ্যন্তরীণ সম্পদ বিভাগ*

(আবগারী)

প্রজ্ঞাপন

**ঢাকা, ১৮ই জুন, ১৯৮৭/৩রা আষাঢ়, ১৩৯৪**

**No. S. R. O. ১২২-L/87/162-Excise.**—The Excises and Salt Act, 1944 (I of 1944)-এর section 3A(I) (a)-তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার এতদ্বারা অত্র বিভাগের 1st July, 1986 তারিখের Notification No. S.R.O. 261/L/86/153-Excise বাতিল করিলেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস, এম, আকরাম**
অতিরিক্ত সচিব।

---

জাতীয় রাজস্ব বোর্ড

(আবগারী)

প্রজ্ঞাপন

**ঢাকা, ১৮ই জুন, ১৯৮৭/৩রা আষাঢ়, ১৩৯৪**

**নং এস, আর, ও, ১২৩-এল/৮৭/১৬৩-আবগারী।**—The Excises and Salt Act, 1944 (I of 1944)-এর section 3(4)-এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, সরকারের পূর্বানুমতিক্রমে উক্ত বোর্ডের, 30th June, 1983 তারিখে জারীকৃত Notification No. S.R.O. 229/L/83/98-Excise-এর নিম্নরূপ সংশোধনী করিলেন, যথা:—

উপরিউক্ত Notification-এ, Table of Rates-এর ২য় ও ৩য় কলামের "200·00" এবং "1000·00" সংখ্যাগুলির পরিবর্তে যথাক্রমে "400·00" এবং "2000·00" সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে।

**জহুরুল হক**
দ্বিতীয় সচিব (আবগারী)।

## জাতীয় রাজস্ব বোর্ড

### (আবগারী)

### প্রজ্ঞাপন

ঢাকা, ১৮ই জুন, ১৯৮৭/৩রা আষাঢ়, ১৩৯৪

**নং এস, আর, ও, ১২৪-এল/৮৭/১৬৪-আবগারী।**—The Excises and Salt Act, 1944 (I of 1944)-এর section 3(4)এ, section 37 সহপঠিত, প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, উক্ত Act-এর FIRST SCHEDULE-এর PART I-এর Item 02·03-এ বর্ণিত "Beverages" শিরোনামার অধীন "Aerated waters, all sorts"-এর উপর duties of excise ধার্য করার পরিবর্তে উৎপাদনে ব্যবহৃত ফিলার মেশিনে সংযুক্ত ফিলিং ভাল্ভ-এর উৎপাদন ক্ষমতার উপর duties of excise ধার্যকরণ ও আদায়ের উদ্দেশ্যে নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। (১) এই বিধিমালা উৎপাদন-ক্ষমতা ভিত্তিক আবগারী শুল্ক (হালকা পানীয়) বিধিমালা, ১৯৮৭ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা ১লা জুলাই, ১৯৮৭ মোতাবেক ১৬ই আষাঢ় ১৩৯৪ বাং তারিখ হইতে কার্য্যকর হইবে।

২। বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ The Excises and Salt Act, 1944 (I of 1944);

(খ) "আবগারী শুল্ক" অর্থ আইনের section 3-এর অধীন প্রদেয় duties of excise;

(গ) "উৎপাদনকারী" অর্থ হালকা পানীয় উৎপাদনের দায়িত্বে নিয়োজিত স্বত্বাধিকারী, পরিচালক, ব্যবস্থাপক, অংশীদার বা অন্য কোন পদবীতে পরিচিত ব্যক্তি;

(ঘ) "যথাযথ কর্তৃপক্ষ" অর্থ এইরূপ Deputy Collector of Excise বা Assistant Collector of Excise যাহার এখতিয়ারাধীনে উৎপাদনকারীর প্রতিষ্ঠান অবস্থিত;

(ঙ) "ভালভ্" অর্থ ফিলার মেশিনে হালকা পানীয় ভর্তির কাজে ব্যবহৃত ভালভ্;

(চ) "হালকা পানীয়" অর্থ আইনের FIRST SCHEDULE-এর PART I-এ column 1-এর Item 02.03(1)-এর বিপরীতে column 2-তে বর্ণিত "Aerated Waters, all sorts".

৩। কোন হালকা পানীয় উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানে স্থাপিত ফিলার মেশিনে সংযুক্ত প্রতিটি ফিলিং ভালভ্ প্রতি অর্থ-বৎসরে ১০ লাখ বোতল হালকা পানীয় উৎপাদনক্ষম বলিয়া বিবেচিত হইবে এবং ফিলিং ভালভ্-এর এই উৎপাদন-ক্ষমতা এই বিধিমালার অধীনে আবগারী শুল্ক ধার্যকরণ ও আদায়ের ভিত্তি বলিয়া গণ্য হইবে।

৪। বিধি ৩-এ উল্লেখিত ভিত্তি অনুসারে প্রতিটি ভালভ্-এর উপর প্রতি অর্থ-বৎসরে সাত লাখ টাকা হারে উৎপাদন-ক্ষমতা ভিত্তিক আবগারী শুল্ক ধার্য ও আদায় করা হইবে।

৫। বৈদ্যুতিক বিভ্রাট, সাধারণ ছুটি, খারাপ আবহাওয়া, মেশিনের রক্ষণাবেক্ষণ, মৌসুমী বিরতি ও অন্যবিধ আনুষংগিক কারণে উৎপাদন সাময়িকভাবে বন্ধ থাকিবার বিষয় বিধি ৩-এ উল্লেখিত ভিত্তি নির্দ্ধারণের ব্যাপারে বিবেচিত হইয়াছে বলিয়া ধরিয়া নওয়া হইবে এবং এই ধরণের কোন কারণে বিধি ৪-এ নিরূপিত আবগারী শুল্ক হ্রাসযোগ্য হইবে না।

৬। উৎপাদনকারী তাহার শিল্প প্রতিষ্ঠানে স্থাপিত ফিলার মেশিন এবং ফিলিং ভাল্ভের সংখ্যা সম্বলিত একটি ঘোষণা এই বিধিমালা কার্যকর হওয়ার দশ দিনের মধ্যে এবং প্রতি বৎসর ২৫শে জুন-এর মধ্যে পরবর্তী অর্থ বৎসরের জন্য অনুরূপ ঘোষণা যথাযথ কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন।

৭। বিধি ৬-এর অধীন ঘোষণা প্রাপ্তির পর যথাযথ কর্তৃপক্ষ বিধি ৩ ও ৪-এ বর্ণিত ভিত্তি ও হার অনুযায়ী সংশ্লিষ্ট অর্থ বৎসরের জন্য উৎপাদনকারীর উপর উৎপাদন-ক্ষমতা ভিত্তিক আবগারী শুল্ক ধার্য করিবেন। এই বিধিমালা কার্যকর হওয়ার পরে কোন উৎপাদনকারী নতুন ফিলার মেশিন স্থাপন করিলে তাহার ক্ষেত্রে উৎপাদনের আরম্ভের দিন হইতে আনুপাতিক হারে উৎপাদন-ক্ষমতা ভিত্তিক আবগারী শুল্ক ধার্য করা হইবে।

৮। উৎপাদনকারী ১লা জুলাই, ১৯৮৭ সালে আরব্ধ অর্থ বৎসরের জন্য ৭ই জুলাই, ১৯৮৭ এবং পরবর্তী অর্থ বৎসরসমূহের জন্য ১লা জুলাই-এর পূর্বে যে কোন তফসিলী ব্যাংক হইতে পরিশিষ্ট 'ক'-এ বর্ণিত ফরমে ধার্যকৃত উৎপাদন-ক্ষমতা ভিত্তিক আবগারী শুল্ক-এর সমপরিমাণ অংকের একটি ব্যাংক গ্যারান্টি যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল করিবেন। উৎপাদনকারী চারটি সমান কিস্তিতে সেপ্টেম্বর, ডিসেম্বর, মার্চ ও জুন মাসের ১৫ তারিখের মধ্যে ধার্যকৃত সমুদয় উৎপাদন-ক্ষমতা ভিত্তিক আবগারী শুল্ক "১৪—আবগারী শুল্ক" খাতে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা করিবেন এবং ট্রেজারী চালানের একটি অনুলিপি (ডুপ্লিকেট) যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন। উৎপাদনকারী আবগারী শুল্ক-এর কোন কিস্তি নির্দিষ্ট সময়ে সরকারী কোষাগারে জমা প্রদানে ব্যর্থ হইলে গ্যারান্টির শর্তানুযায়ী গ্যারান্টি প্রদানকারী ব্যাংক যথাযথ কর্তৃপক্ষের নামে অপরিশোধিত অর্থের সমপরিমাণ অর্থ সরকারী কোষাগারে জমা করিবে।

৯। উৎপাদনকারী তাহার উৎপাদন ও উৎপাদন-ক্ষমতা ভিত্তিক আবগারী শুল্ক পরিশোধের তথ্য সম্বলিত একটি ত্রৈমাসিক বিবরণী পরিশিষ্ট 'খ'-এ বর্ণিত ফরমে প্রতি বৎসর ৭ই অক্টোবর, ৭ই জানুয়ারী, ৭ই এপ্রিল ও ৭ই জুলাই তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল করিবেন।

১০। উৎপাদনকারী যথাযথ কর্তৃপক্ষের উপযুক্ত অনুমোদন প্রাপ্ত অন্যূন এক্সাইজ ইনস্পেক্টর পদমর্যাদাসম্পন্ন যে কোন এক্সাইজ কর্মকর্তাকে সকল যুক্তিযুক্ত সময়ে চাহিবামাত্র পরিদর্শন, হিসাবগ্রহণ, পরীক্ষা-নিরীক্ষা বা তদন্ত কাজের জন্য প্রয়োজনীয়, উৎপাদন সংক্রান্ত সকল যন্ত্রপাতি, বই বা খাতাপত্র প্রদর্শন এবং তথ্য সরবরাহ করিতে বাধ্য থাকিবেন।

১১। The Excises and Salt Rules, 1944 বিধি 9, 12, 13, 47, 49, 50, 51, 52, 52-A, 52-B, 53, 53-B, 53-C, 53-D, 53-E, 55, 56, 223, 224(1), 228, 228-A, 229, 236, 237, 238, 239, 241, 243, 244, 245 এবং 246 হালকা পানীয়ের উপর উৎপাদন-ক্ষমতা ভিত্তিক আবগারী শুল্ক ধার্য ও আদায়ের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না। তবে উক্ত Rules-এর অন্য ধারা এই বিধিমালার কোন বিধানের সহিত অসামঞ্জস্যপূর্ণ কিছু না থাকিলে তাহা হালকা পানীয় উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

১২। এই বিধিমালার অধীনে আবগারী শুল্ক ধার্যকরণ ও আদায়ের উদ্দেশ্যে কোন উৎপাদনকারী সঠিক ঘোষণা প্রদান না করিলে বা এই বিধিমালার কোন বিধি লংঘন করিলে উৎপাদনকারীর উপর, তাহার বিরুদ্ধে আইন বা উহার অধীনে প্রণীত বিধিমালা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা ছাড়াও দশ হাজার টাকা পর্যন্ত, বা তাহার উপর ধার্যযোগ্য আবগারী শুল্কের দশগুণ পরিমাণ যাহাই বেশী হউক—জরিমানা আরোপ করা যাইবে।

জহুরুল হক
দ্বিতীয় সচিব (আবগারী)।

পরিশিষ্ট 'ক'

উৎপাদন-ক্ষমতা ভিত্তিক আবগারী শুল্ক (হালকা পানীয়) বিধি, ১৯৮৭-এর ক্ষেত্রে প্রযোজ্য ব্যাংক গ্যারান্টির ফরম

(বিধিঃ ৮)

ডেপুটি/এ্যাসিস্ট্যান্ট কালেক্টর,

................এক্সাইজ বিভাগ।

উৎপাদন-ক্ষমতা ভিত্তিক আবগারী শুল্ক (হালকা পানীয়) বিধি, ১৯৮৭-এর ৭ ধারার বিধান মোতাবেক এবং ডেপুটি/এ্যাসিষ্ট্যান্ট কালেক্টর অব এক্সাইজ ................এর ................তারিখের নং..............আদেশের মাধ্যমে মেসার্স...... ..............................অনুকূলে ...........সালের জন্য ধার্যকৃত .............টাকা আবগারী শুল্কের সমপরিমাণ অর্থ উক্ত কর্তৃপক্ষকে পরিশোধ করার জন্য আমরা.......................(ব্যাংকের নাম ও ঠিকানা) নিঃশর্ত প্রতিশ্রুতি প্রদান করিতেছি। উক্ত বিধিমালার শর্তানুযায়ী মেসার্স.......................... সকল বা কোন কিস্তির আবগারী শুল্ক যথাযথভাবে পরিশোধে ব্যর্থ হইয়াছে এই মর্মে উক্ত ডেপুটি/এ্যাসিস্ট্যান্ট কালেক্টর অব এক্সাইজ দাবী জানাইলে, কোন প্রকার প্রশ্ন উত্থাপন না করিয়াই এবং মেসার্স ..............................এর সহিত যোগাযোগ ব্যতিরেকেই দাবীকৃত অর্থ সরকারী কোষাগারে (১৪—আবগারী শুল্ক খাতে) জমা প্রদানে আমরা বাধ্য থাকিব।

তবে মেসার্স ............................................ ......... ধার্যকৃত আবগারী শুল্কের কোন অংশ কিস্তি হিসাবে পরিশোধ করিলে অত্র প্রতিশ্রুতি পত্রে উল্লেখিত মোট পরিমাণ অর্থ হইতে উক্ত পরিমাণ অর্থ হ্রাস পাইয়াছে বলিয়া গণ্য হইবে।

এই গ্যারান্টি উক্ত ডেপুটি/এ্যাসিস্ট্যান্ট কালেক্টর-এর সম্মতিক্রমে পূর্বাহ্নে বাতিল, সংশোধন বা পরিবর্তিত না হইলে ১৯৮.. সালের ১লা জুলাই হইতে ১৯৮.. সালের ৩০শে সেপ্টেম্বর (১৫ মাস) পর্যন্ত বলবৎ থাকিবে।

এই গ্যারান্টিতে প্রতিশ্রুত অর্থের পরিমাণ ............... টাকার উর্দ্ধে হইবে না।

ব্যাংক কর্মকর্তা/কর্তাদের নাম

স্থান : স্বাক্ষর :

তারিখ : সীল :

পরিশিষ্ট-খ

হালকা পানীয়-এর উৎপাদন ও রাজস্ব পরিশোধের খতিয়ান সম্পর্কে ত্রৈমাসিক বিবরণী।

(বিধি: ৯)

উৎপাদকের নাম ও ঠিকানা:

| কিস্তির মেয়াদকাল | পণ্যের বর্ণনা | উৎপাদনের পরিমাণ। | আবগারী শুল্ক পরিশোধের পরিমাণ। | ট্রেজারী চালান নম্বর। | পরিশোধের তারিখ। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

স্থান:

তারিখ:

উৎপাদকের স্বাক্ষর
সীল।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মোঃ রবিউল হোসেন, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।